

বাংলাদেশ শিপিং কর্পোরেশন
চট্টগ্রাম।

সূত্র নং- ১৮.১৬.০০০০.৩৫২.৬২.০৮২.২০.

তারিখঃ ২৮-০৯-২০২০খ্রিঃ

বিষয়ঃ- শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটির ২৮-০৯-২০২০খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব খালেদ মাহমুদ, সচিব
সভার তারিখ ও সময় : ২৪-০২-২০২০ খ্রিঃ বেলাঃ ১০.৩০ ঘটিকা
সভার স্থান : বিএসসি, কনফারেন্স রুম,
সভার উপস্থিত সদস্যবৃন্দের নাম তালিকা : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী মহাব্যবস্থাপক (অপারেশন) গত সভার রেজুলেশন পাঠ করেন। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি সভাকে অবহিত করেন যে, কর্মকর্তা-কর্মচারীদের নীতি-নৈতিকতা মান উন্নয়নের জন্য সচেতনতা বৃদ্ধির বিষয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল অনুযায়ী ২০২০-২০২১ খ্রিঃ ত্রৈমাসিক এ নিয়মিত সভা অনুষ্ঠিত হচ্ছে।

০২। সভাপতি বলেন, শুদ্ধাচার হলো নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষতা, নীতি ও প্রথার প্রতি অনুগত থাকা। রাষ্ট্রের আইন কানুন এর প্রতি অনুগত থেকে প্রতিদিনের কাজ নিয়মিতভাবে যথাসম্ভব সম্পন্ন করা, অফিসের শৃঙ্খলা বজায় রেখে কাজের গতিশীলতা এবং মান বৃদ্ধি করা, কাজের জন্য কাউকে হয়রানী না করা, অফিসের কর্মপরিবেশ উন্নত করা, অফিসে সালাম বিনিময়ের মাধ্যমে সৌহার্দপূর্ণ সম্পর্ক স্থাপন করা ইত্যাদি শুদ্ধাচারের অংশ। তিনি জানান যে, সরকারী আইন কানুন, বিধি নিষেধ যেমন শৃঙ্খলা ও আচরণ বিধিমালা, উপস্থিতি বিধিমালা যথাযথ অনুসরণ করা আমাদের সকলের কর্তব্য। পাশাপাশি প্রতিষ্ঠান লাভজনকভাবে পরিচালনা করার জন্য নিজেদের শতভাগ ইতিবাচক মোটিভেটেড হতে হবে। সততা ও নিষ্ঠার সাথে কাজ করলে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়বে, প্রতিষ্ঠান লাভজনক হবে এবং জাতীয় অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা সম্ভব হবে।

০৩। শৃঙ্খলা শুরু পরিবার থেকে। প্রাতিষ্ঠানিকভাবে শৃঙ্খলা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়। প্রতিদিন যথা সময়ে অর্থাৎ সকাল ৯.০০ ঘটিকার মধ্যে অফিসে আসা শৃঙ্খলার অংশ ও আমাদের নৈতিক দায়িত্ব। সভাপতি শুদ্ধাচারের বিষয়ে স্ব-স্ব ধর্মীয় মূল্যবোধকে জাগ্রত করার জন্য পরামর্শ প্রদান করেন। এক্ষেত্রে হালাল এবং হারামের পার্থক্য করা জরুরী। পাশাপাশি আমাদের সকলকে গীবত থেকে আমাদের বাঁচার চেষ্টা করতে হবে। উপকার করার মানসিকতা থাকতে হবে। উপকার করলে আত্মিক প্রশান্তি লাভ করা যায়।

V

০৪। শুদ্ধাচারের রূপকল্প হচ্ছে সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়। এ কারণে আমাদের সকলের আচরণগত শুদ্ধতা আনায়ণ করা প্রয়োজন। পাশাপাশি আইনগত ও বিধি মোতাবেক অফিসের সকল কর্মকান্ড পরিচালনার বিষয়ে সকলকে সচেতন হতে হবে। এ বিষয়ে সভাপতি বলেন, বিএসসি'র প্রতিষ্ঠাতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল সোনার বাংলা গড়া। মুজিব বর্ষে এ স্বপ্ন বাস্তবায়ন করাই হোক আমাদের সকলের প্রত্যয়।

০৫। পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


28.07.2020

খালেদ মাহমুদ
সচিব

সভাপতি, নৈতিকতা কমিটি।



অনুলিপি (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে)

- ০১। নির্বাহী পরিচালক (অর্থ)/(প্রযুক্তি)/(বাণিজ্য) বিএসসি, চট্টগ্রাম।
- ০২। সকল বিভাগীয় প্রধান, বিএসসি, চট্টগ্রাম।
- ০৩। সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক, বিএসসি চট্টগ্রাম।
- ০৪। অফিস কপি।